# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
## উপপরিচালক (বীজ বিপণন)এর দপ্তর
## রংপুর অঞ্চল, রংপুর

*E-mail :ddsmbadcrangpur@gmail.com; Phone/Fax : 02588809139*


## ২০২৬-২৭ অর্থ বছরের জন্য বীজ ডিলার লাইসেন্স নবায়নের বিজ্ঞপ্তি:

অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ) বিএডিসি, ঢাকা মহোদয়ের দপ্তর স্মারক নং-১২.০৬.০০০০.২৭৫.৯৯.২২৯.২৫-১৭৫৯; তারিখ-২৮ জুন ২০২৬ খ্রি. মোতাবেক বীজ বিপণন, বিএডিসি, রংপুর অঞ্চলের (রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী ও লালমনিরহাট) সকল বীজ ডিলারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য বীজ ডিলার লাইসেন্স নবায়ন করা যাবে।

১। যে সকল বীজ ডিলার ২০২৫-২৬ অর্থ বছরে ধান, গম, আলু ও পাট ছাড়াও সবজি, ডাল ও তৈলবীজসহ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকার বীজ উত্তোলন করেছেন তাদের লাইসেন্স নবায়নযোগ্য বলে গণ্য হবে।

২। ০১ জুলাই/২০২৬ খ্রি. হতে ৩১ জুলাই/২০২৬ খ্রি. এর মধ্যে বিলম্ব ফি ছাড়া বীজ ডিলার নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) + ভ্যাট (১৫%) ৩০০/- (তিনশত) টাকাসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা পরিশোধের মাধ্যমে লাইসেন্স নবায়নের কাজ শেষ করতে হবে অথবা ডিলারগণ ২,০০০/- (দুই হাজার) টাকা নবায়ন ফি এবং বিএডিসি'র (১৩৩০০০৩২০০) কোডে জমাকৃত ৩০০/- (তিনশত) টাকা ভ্যাটের চালান সংযুক্ত করতঃ বীজ ডিলার নবায়ন কার্য সম্পন্ন করতে পারবেন।

৩। ০১লা আগস্ট/২০২৬ খ্রিঃ হতে ৩১ আগস্ট/ ২০২৬ খ্রিঃ পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা বিলম্ব ফি সহ নবায়ন ফি ২,৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা) + ভ্যাট (১৫%) ৩৭৫/- (তিনশত পঁচাত্তর) টাকাসহ সর্বমোট ২,৮৭৫/- (দুই হাজার আটশত পঁচাত্তর) টাকা প্রদানের মাধ্যমে বীজ ডিলার লাইসেন্স নবায়ন করতে পারবেন। ৩১ আগস্ট/২০২৬ খ্রিঃ তারিখে সরকার কর্তৃক অনুমোদিত ছুটির দিন হলে পরবর্তী অফিস খোলার দিন পর্যন্ত নবায়ন ফি জমা দিতে পারবেন।

৪। অনলাইনে (https://moa-services.com/lrcpn/dashboard) নবায়নের তথ্য ইনপুট দেওয়ার সময় আবশ্যিকভাবে স্পষ্ট প্রিন্টের ক) ছবি খ) জাতীয় পরিচয়পত্র গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স ঘ) পাশ বই ও লাইসেন্স বই ঙ) কৃষি মন্ত্রণালয়ের হালনাগাদ বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়নপত্র চ) নবায়ন ফি জমাদানের মুল ক্যাশমেমো তৎসঙ্গে ২০২৫-২৬ অর্থ বছরের উত্তোলিত বীজ ক্রয়ের ক্যাশমেমো সংযুক্ত করতে হবে। অনলাইনে এন্ট্রি সহায়তার জন্য প্রয়োজনে অত্র দপ্তরের জনাব অতুল চন্দ্র রায়, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (০১৭০১০২২৯২১) এবং জনাব মোঃ আখিদুজ্জামান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (০১৭২২০৬২৬৮৫) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। লাইসেন্স নবায়নের সময় ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি জমা প্রদান করতে হবে।

৬। নির্দিষ্ট সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে বীজ ডিলার লাইসেন্স সাময়িকভাবে বাতিল বলে গণ্য হবে।

এমতাবস্থায়, বীজ ডিলার নবায়ন শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বীজ ডিলার নবায়ন অনলাইনে সম্পন্ন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

৩০.০৬.২০২৬

(মোঃ মাসুদ সুলতান)
উপপরিচালক (বীজ বিপণন)
বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নং-৮৮৭(৮৮৬)

তারিখঃ ৩০/০৬/২০২৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-**

১। বীজ ডিলারের নাম.........................গ্রাম.........................ডাকঘর.........................উপজেলা.........................জেলা.........................
২। সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি বীজ ডিলার এ্যাসোসিয়েশন, রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী। পত্রের মর্মানুযায়ী বিষয়টি সংশ্লিষ্ট সকল বীজ ডিলারকে অবহিত করে ডিলারগণকে লাইসেন্স নবায়নে উৎসাহিত করতে অনুরোধ করা হলো।
৩। জনাব অতুল চন্দ্র রায়, সহিরক, অত্র দপ্তর, লাইসেন্স নবায়ন ফি এবং আদায়কৃত ভ্যাট নির্ধারিত ব্যাংকে যথাযথভাবে জমাদান নিশ্চিত করতে বলা হলো।
৪। গুদাম রক্ষক, আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী।
৫। জনাব মোঃ আখিদুজ্জামান, অসকাকঅ, অত্র দপ্তর, অনলাইনে বীজ ডিলার লাইসেন্স নবায়ন তথ্য এন্ট্রি করার বিষয়ে ডিলারদের সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
৬। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন) বিএডিসি, কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী। সকল সক্রিয় বীজ ডিলারগণকে নির্ধারিত তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের কাজ সম্পন্নের জন্য অবহিত করতে বলা হলো।
৭। উপপরিচালক (কঃগ্রোঃ/ টিসি/ সবজি বীজ/ বীউ/ এএসসি) বিএডিসি, রংপুর/কুড়িগ্রাম।
৮। যুগ্মপরিচালক (বীপ্র/সার) বিএডিসি, রংপুর।
৯। যুগ্মপরিচালক (বীজ বিপণন) বিএডিসি, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১০। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ) বিএডিসি, ঢাকা।
১১। মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি, ঢাকা।
১২। অফিস কপি/নোটিশ বোর্ড।

৩০.০৬.২০২৬
উপপরিচালক (বীজ বিপণন)
বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর।

৩০/৬/২৬

স্মারক নং-৮৮৭(৮৮৬)/১১

তারিখঃ ৩০/০৬/২০২৬ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-**

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী।
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি,রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী।

৩০.০৬.২০২৬
উপপরিচালক (বীজ বিপণন)
বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর।

৩০/৬/২৬